



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd iaudhaka@gmail.com



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং ইআবি/একা-৫/ফা.ভর্তি/২০১৫/ ৭৪৬৬

তারিখ : ২২/০১/২০১৯ খ্রি.

ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষে সেশন ফি-সহ অন্যান্য ফি-জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ফাজিল (স্নাতক) পাস শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষ পরীক্ষা-২০১৮ এর ফলাফল প্রকাশিত হওয়ার পরপরই নিম্নবর্ণিত তফসিল অনুসারে সেশন ফি-সহ অন্যান্য ফি-আদায়ের কার্যক্রম শুরু করতে হবে।

তফসিল:

(ক) সংশ্লিষ্ট মাদরাসাসমূহ ফলাফল প্রকাশের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যেই নিম্নবর্ণিত সেশন ফি-সহ অন্যান্য ফি-আদায় সাপেক্ষে ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষের সংশ্লিষ্ট কাজ সম্পন্ন করবে। আদায়কৃত অর্থ ব্যাংকে জমা দিয়ে ব্যাংক অনলাইন/টি.টি. রশিদ এর মূল কপি পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট দপ্তরে জমা দিতে হবে।

(খ) ছাত্র-ছাত্রীদের ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষের সেশন ফি-সহ অন্যান্য ফি-নিম্নে নির্ধারণ করা হলো। উক্ত ফি-সমূহের মধ্যে সেশন ফি- ও ক্রীড়া ফি-বাবদ আদায়কৃত অর্থের ৫০% মাদরাসা এবং অবশিষ্ট ৫০% সহ অন্যান্য ফি- বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

শ্রেণি	সেশন ফি-	ক্রীড়া ফি-	রোভার ফ্লাউটস /বি.এন.সি.সি ফি-
ফাজিল (স্নাতক) পাস ২য় বর্ষ	২৫০/-	৫০/-	২৫/-

(গ) মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফি-সমূহ আদায়ের পরবর্তী কর্মদিবসেই উক্ত ফি- {সেশন ফি- ও ক্রীড়া ফি- বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি- অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD)0200004383365 অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি. গ্রহণ করা হবে না} জমা প্রদান করবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) ফাজিল (স্নাতক) পাস শ্রেণিতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল (স্নাতক) পাস ১ম বর্ষ পরীক্ষা-২০১৮ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হয়েছে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের ক্ষেত্রে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি- প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} সাপেক্ষে ফাজিল (স্নাতক) পাস পরীক্ষার ফলাফল প্রকাশের ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে সেশন ফি-সহ অন্যান্য ফি-জমা দিতে হবে।

ছাত্র-ছাত্রীদের তালিকা সহ আদায়কৃত অর্থের অনলাইন ব্যাংকিং এর জমা দানের মূল রশিদ পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বহিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি-সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা পৃথক ভাবে জমা দিতে হবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়